# জান্নাত-জাহান্নাম

বিভাগ/অধ্যায়ঃ ধনীদের তুলনায় গরীবরা আগে জান্নাতে যাবে

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

ধনীদের তুলনায় গরীবরা আগে জান্নাতে যাবে

যেহেতু গরীবদের হিসাব কম; তাদের যাকাত নেই, হজ্জ নেই, মালের কোন হিসাব-নিকাশ নেই, তাই তারা নির্ঝঞ্ঝটে ধনীদের আগে আগেই জান্নাতে চলে যাবে। কিন্তু কতদিন আগে?

এক বর্ণনানুসারে ৪০ বছর আগে।

আল্লাহ্‌র রাসূল (ﷺ) বলেছেনঃ মুহাজিরদের দরিদ্রশ্রেনীর লোকেরা ধনশালীদের চেয়ে চল্লিশ বছর পূর্বে কিয়ামতের দিন জান্নাতে প্রবেশ করবে। (মুসলিম ২৯৭৯)

অন্য এক বর্ণনা মতে ৫০০ বছর আগে।

রাসূলুল্লাহ (ﷺ) বলেছেনঃ গরীব মুমিনরা ধনীদের পাঁচশত বছর পূর্বে জান্নাতে প্রবেশ করবে। (তিরমিযী ২৩৫১ নং)

আসলে ধনী ও গরীবদের অবস্থা ভেদে সময়ের এই পার্থক্য হবে। সুতরাং যে গরীব সর্বপ্রথম জান্নাতে প্রবেশ করবে এবং যে ধনী সবশেষে জান্নাতে প্রবেশ করবে, তাদের উভয়ের সময়ের ব্যাবধান হবে ৫০০ বছর। আর যে গরীব সবশেষে জান্নাত প্রবেশ করবে এবং যে ধনী সর্বপ্রথম জান্নাত প্রবেশ করবে, তাদের উভয়ের সময়ের ব্যবধান হবে ৪০ বছর। আর আল্লাহই ভাল জানেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12158

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন